

### কর্মনিয়োগ পদ্ধতি:

কর্মচারীদের প্রতি ন্যায্য এবং স্বক্কা সম্পূর্ণ আচরণ করা  
হেসব্র্যান্ডস দৃঢ় অঙ্গীকারবদ্ধ।  
হেসব সরবরাহকারী এই অঙ্গীকারে আস্থাবন আমরা শুধু তাদের সাথে  
বয়বসা করায় আগ্রহী।  
আমাদের দাবি এই যে সরবরাহকারীরা সবকটি প্রয়োজ্য আইন এবং নিয়ম  
অনুসরণ করে চলুক এবং সব মানুষের মৌলিক মানবাধিকারের সমর্থন  
দিক।

### শিশু শ্রমিক:

সরবরাহকারীরা যে দেশে কাজ করছে সেখানে কর্মনিয়োগের আইনত  
গ্রহণযোগ্য বয়সসীমা বা স্থানীয় বাধ্যতামূলক স্কুলের বয়সের নিয়মভঙ্গ  
করে কাউকে কাজে বহাল করা হবে না।  
তাছাড়া, প্রয়োজ্য শিশু শ্রমিকের শর্তাধীন নিরাপত্তা পাওয়া বিজ্ঞাপন বা  
মিডিয়া জগতে নিযুক্ত শিশু শিল্পী বা মডেল ছাড়া 15 বছরের কমবয়সী  
কাউকে সরবরাহকারী চাকরিতে বহাল করা হবে না।

### ক্ষতিপূরণ:

সরবরাহকারী ন্যূনতম বেতন, ওভারটাইম প্রিমিয়াম, ভাতা এবং  
সুবিধাদি সংক্রান্ত নিয়ম সমেত সব প্রয়োজ্য নিয়ম এবং আইন অনুসরণ  
করবে।

সরবরাহকারী নিদেনপক্ষে আইনত প্রয়োজনমত ক্ষতিপূরণ কিংবা  
শিল্পক্ষেত্রে প্রচলিত ক্ষতিপূরণ, যেটা বেশি সেটা দেবে।

হেসব্র্যান্ডস স্বীকার করে যে যারা কাজ করেন তাদের প্রত্যেকের ন্যায্য  
ক্ষতিপূরণ পাওয়ার অধিকার আছে।

হেসব্র্যান্ডস আরো স্বীকার করে যে মোট ক্ষতিপূরণ (ওভারটাইম ছাড়াও  
বেতন এবং বোনাস এবং দ্রব্যাদির সুবিধাদি) এতটা হওয়া উচিত যা  
কর্মচারীর মৌলিক প্রয়োজন পূরণ করা ছাড়াও তাকে বিবেচনামত  
উপার্জনের সুযোগ দেবে।

এইরূপ ন্যায্য স্তরের ক্ষতিপূরণ দেওয়ায় আমরা সরবরাহকারীদের  
উৎসাহবর্ধন করি।

যখন এই লক্ষ্যপূরণ করা হয় না, সরবরাহকারী আমাদের সাথে কাজ করে  
যথোপযুক্ত পদক্ষেপ নেবে যাতে ক্রমশ ন্যায্য স্তরের ক্ষতিপূরণ করা হয়।

### অবৈষম্য:

কোন ব্যক্তির বর্ণ, জাতি, লিঙ্গ, জাতীয়তা (বা জাতিগত উৎস), বয়স,  
ধর্ম, অক্ষমতা, যৌন প্রবণতা, লিঙ্গগত পরিচিতি, প্রাক্তন সামরিক সেবার  
স্থিতি, বৈবাহিক স্থিতি এবং অন্য কোন সুরক্ষিত বৈশিষ্ট্য বা বিশ্বাসের  
ভিত্তিতে সরবরাহকারী কাজে নিয়োগ, ক্ষতিপূরণ দেওয়া, পদোন্নতি করা,  
শাস্তি দেওয়া, চাকরি থেকে বরখাস্ত করা বা অবসরগ্রহণের শ্যাপারে বৈষম্য  
করবে না।

হেসব সরবরাহকারী সবাইকে সমান সুযোগ দেবে হেসব্র্যান্ডস তাদের প্রতি  
অনুকূল থাকবে।

### বলপ্রয়োগ করে শ্রম আদায় করা:

চুক্তিবদ্ধ করে, কারারুদ্ধ করে, শর্তাবদ্ধ রেখে, ধ্বংস দায়ে দাসত্ব করানো  
সমেত কোনপ্রকারের বল প্রয়োগ করে বা অনিচ্ছাকৃত উপায়ে সরবরাহকারী  
শ্রম আদায় করবে না।

### সঙ্ঘবদ্ধ হওয়া এবং যৌথ দর কষাকষি করার স্বাধীনতা:

সরবরাহকারী কর্মচারীর সঙ্ঘবদ্ধ হয়ে অধিকারপ্রয়োগ করার  
অধিকারকে স্বীকৃতি দেবে এবং মান্য করবে।  
একইভাবে, কর্মচারী যৌথ দর কষাকষি করার অধিকার প্রয়োগ করতে  
চাইলে, বা না চাইলে, সরবরাহকারী সেই অধিকারকে স্বীকৃতি দেবে এবং  
মান্য করবে।

### নিরাপত্তা এবং স্বাস্থ্য:

সরবরাহকারীরা তাদের কর্মচারীদের নিরাপদ এবং সুস্থ কাজের পরিবেশ  
দেবে।  
সরবরাহকারীর বিপজ্জনক কাজ এবং পরিস্থিতি দূর করায় প্রতিফলিতবদ্ধ  
থাকতে হবে, যাতে তাদের কর্মচারী, গ্রাহক এবং জনসাধারণের ক্ষতি  
প্রতিরোধ করা যায়।  
যেখানে প্রয়োজ্য, এটা বাসস্থান এবং খাওয়াদাওয়ার জায়গার ক্ষেত্রেও  
প্রযোজ্য হবে।

### কর্মস্থলে উত্তম করা বা দুর্ব্যবহার করা:

সরবরাহকারী কর্মচারীদের সাথে শারীরিক, মৌখিক, যৌন বা মানসিক  
দুর্ব্যবহার করবে না বা কর্মচারীদের শাস্তি দিতে দৈহিক বা শারীরিক দণ্ড  
দেবে না।

### কাজের সময়:

কাজের সময় সংক্রান্ত সব প্রয়োজ্য আইন এবং নিয়ম সরবরাহকারী  
মেনে চলাবে।  
ব্যতিক্রমী পরিস্থিতি ছাড়া, প্রতি সপ্তাহে কর্মচারী আইনী সীমা, বা নিয়মমত  
48 ঘন্টা এবং 12 ঘন্টা ওভারটাইমের মধ্যে যেটা কম তার বেশি কাজ  
করাবেন না।  
একনাগড়ে 6 দিন কাজ করার পর সরবরাহকারীর কর্মচারীকে অবশ্যই  
অন্তত একটানা 24 ঘন্টার বিশ্রাম দিতে হবে।  
নিয়মিত ওভারটাইমের অনুরোধ করা যাবে না এবং সেটা স্বেচ্ছাকৃত হতে  
হবে।

### পরিবেশ:

পরিবেশ পরিচালনার সুব্যবস্থাপনার দ্বারা সমগ্র বিশ্বব্যাপী পরিবেশের  
গুণগত মান সুরক্ষিত রাখার ব্যাপারে কোম্পানির অঙ্গীকারে হেসব  
সরবরাহকারী আস্থাবন হেসব্র্যান্ডস তাদের সাথে ব্যবসা করায় আগ্রহী।  
সরবরাহকারী পরিবেশের সবকটি প্রয়োজ্য নিয়ম এবং আইন মান্য করে  
চলাবে এবং যদি কোন কাজের পদ্ধতিতে নিয়মানুবর্তিতার অভাব ঘটে  
তাহলে তা সংশোধন করার পরিকল্পনা বা কর্মসূচি প্রয়োগ করবে।  
সরবরাহকারী আবর্জনা কম করার প্রয়াস করবে এবং তাদের কাজের ফলে  
পরিবেশে যে প্রভাব পড়বে তা যথাসম্ভব কম এবং প্রশমিত করার জন্য  
দায়িত্বপূর্ণ পদক্ষেপ নেবে।

### দুর্নীতি বিরোধিতা:

হেসব্র্যান্ডস ফরেন করাপ্ট প্র্যাক্টিসেস অ্যাক্ট এবং ইউ.কে. ব্রাইবারি  
অ্যাক্ট সমেত সব প্রয়োজ্য আইন পুঙ্খানুপুঙ্খভাবে অনুসরণ করে এবং  
সরবরাহকারীদের কাছ থেকেও তা দাবি করে।  
হেসব্র্যান্ডসের ব্যবসায়িক স্বার্থসিদ্ধির উদ্দেশ্যে সরবরাহকারী ঘুষ দেবে না  
বা দুর্নীতিপূরণ কাজ করবে না।  
তাতে সরাসরি বা পরোক্ষ উপায়ে, সরকারি কর্মকর্তা বা অন্যান্য ব্যক্তিদের  
কাজ বা সিদ্ধান্তে প্রভাব ফেলার উদ্দেশ্যে স্থানীয় সরকারী কর্মকর্তা,  
রাজনৈতিক দল, রাজনৈতিক পদাভিলাষী প্রার্থী বা বেসরকারি  
ব্যক্তিবিশেষকে মূল্যবান কিছু অথবা অর্থ দেওয়ার প্রস্তাব রাখা, প্রতিক্রিতি  
দেওয়া বা অনুমতি দেওয়া গণ্য হবে।

